যায়যায়দিন

20 JUN 2008

# শীর্ষ স্কুলের তালিকায় ঘুরে ফিরে একই স্কুল, নতুন স্কুলের অন্তর্ভুক্তি কম

সাথীয়া খান

জিপিএ-৫-এর ভিত্তিতে দেশের বিভিন্ন বোর্ডের সেরা স্কুলগুলো প্রতি বছর প্রায় কিছু শিক্ষা প্রতিষ্ঠানের মাঝেই সীমাবদ্ধ থাকছে। সেরা দশের তালিকায় নতুন স্কুলের অন্তর্ভুক্তি কমই থেকে যাচ্ছে।

দেখা যায়, ২০০৭ সালে সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের বিভিন্ন বোর্ডের তালিকায় শীর্ষে থাকা স্কুলগুলোই পরের বছরে শীর্ষ তালিকায় আছে। তালিকায় আগের অবস্থান হয়তো অনেক স্কুলই ধরে রাখতে পারেনি, তারপরও তারা শীর্ষ দশের তালিকায় আছে। ভালো রেজাল্ট না করার কারণে দু' একটি পুরনো স্কুলকে এ তালিকা থেকে সরিয়ে যুক্ত হয়েছে নতুন স্কুল। তবে সে সংখ্যা নিতান্তই কম।

**ঢাকা বোর্ডে নতুন প্রতিষ্ঠান মাত্র এ**

২০০৭ সালের এসএসসি পরীক্ষায়
এর দিক থেকে শীর্ষে অবস্থান
ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলে
এরপরই অবস্থান ছিল আইডিয়াল
কলেজের। আর এবার হয়েছে তা
আইডিয়াল এসেছে
প্রথমে আর ভিকারুননিসা

পৃ ২

## শীর্ষ স্কুলের তালিকায় ঘুরে ফিরে একই

*(শেষ পৃষ্ঠার পর)*

গেছে দ্বিতীয় অবস্থানে। গত বছরের তৃতীয় অবস্থানে থাকা মনিপুর হাই স্কুলের অবস্থান এবারো তৃতীয়। গতবছর রাজউক উত্তরা মডেল স্কুল অ্যান্ড কলেজের অবস্থান চতুর্থে থাকলেও এবার তার অবস্থান পঞ্চমে আর তার আগের স্থান এবার দখল করেছে মতিঝিল মডেল হাই স্কুল। গতবার এ প্রতিষ্ঠানটির অবস্থান ছিল পঞ্চম। এ বছর ষষ্ঠ অবস্থানে রয়েছে উত্তরা হাই স্কুল। গতবার এ স্কুলটি শ্রেষ্ঠদের তালিকায় না থাকলেও এবার প্রতিষ্ঠানটি ভালো অবস্থানে রয়েছে। ২০০৮ সালের শ্রেষ্ঠদের তালিকায় সপ্তমে অবস্থান ডেমরার এ কে হাই স্কুল। গতবার এ স্কুলটির অবস্থান ছিল দশে। গতবারের ষষ্ঠ অবস্থানে থাকা ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের অবস্থান এবার অষ্টমে। ২০০৭ সালের এসএসসি রেজাল্টে অষ্টম ও নবম স্থানে থাকা মতিঝিল গভর্নমেন্ট বয়েজ হাই স্কুল এবং ধানমণ্ডি গভর্নমেন্ট বয়েজ হাই স্কুলের অবস্থান এবার যথাক্রমে নবম ও দশমে। গতবারের শীর্ষদের তালিকা থেকে এবার বাদ পড়েছে গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল ও হলিক্রস গার্লস হাই স্কুল।

**চট্টগ্রাম বোর্ডে যুক্ত হতে পারেনি নতুন কেউ**

এবারের শীর্ষ তালিকায় চট্টগ্রাম বোর্ডে নতুন কোনো শিক্ষা প্রতিষ্ঠান যুক্ত হতে পারেনি। আগের প্রতিষ্ঠানগুলোই শীর্ষ তালিকায় তাদের নাম ধরে রেখেছে কেবল পরিবর্তন হয়েছে তাদের অবস্থান। গতবারের তালিকায় শীর্ষে থাকা চিটাগং কলেজিয়েট কলেজের অবস্থান এবারো শীর্ষে রয়েছে। দ্বিতীয় অবস্থানে থাকা ড. খাস্তগীর গভর্নমেন্ট গার্লস হাইস্কুলও নিজ পদে অবস্থান করছে। গতবারের শীর্ষ তালিকায় থাকা বাংলাদেশ মহিলা সমিতি গার্লস হাই স্কুল অ্যান্ড কলেজ, গভর্নমেন্ট মুসলিম হাই স্কুল, নৌবাহিনী হাইস্কুল অ্যান্ড কলেজ, চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ইস্পাহানি পাবলিক স্কুল অ্যান্ড কলেজ এবং চট্টগ্রাম সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ও এবারের শীর্ষ তালিকায় রয়েছে।

**বরিশাল বোর্ডেও শীর্ষ দশে একটি নতুন**

এবার বরিশাল বোর্ডে শীর্ষ দশের তালিকায় আছে ১২টি স্কুল। এর মধ্যে ১১টি স্কুলই গতবারের তালিকার স্কুল। স্কুলগুলো কেবল তালিকায়ই নয় তাদের নিজ নিজ অবস্থানও ধরে রেখেছে। বরিশাল গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, উদয়ন সেকেন্ডারি স্কুল, পটুয়াখালী গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, পটুয়াখালী গভর্নমেন্ট জুবলি হাই স্কুল, পিরোজপুর গভর্নমেন্ট সেকেন্ডারি স্কুল, বরগুনা জিলা স্কুল, ঝালকাঠি গভর্নমেন্ট বয়েজ সেকেন্ডারি স্কুল, স্বরূপকাঠি কলেজিয়েট একাডেমি ও ঝালকাঠি হরানচন্দ্র গভর্নমেন্ট গার্লস স্কুল তাদের আগের অবস্থানেই রয়েছে। এবার এ বোর্ডে নতুন অন্তর্ভুক্তি হয়েছে ভোলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের যার অবস্থান তালিকায় সপ্তম।

**রাজশাহী বোর্ডে দুটি**

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড
প্রতিষ্ঠানটির অবস্থান গতবারও প্রথমে
গতবারের তালিকায় যারা ছিল তা
থেকে এবারের তালিকায় রয়েছে
ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড
বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যাল
জিলা স্কুল, বগুড়া জিলা স্কুল, দিনাজ
স্কুল, পাবনা জিলা স্কুল, বেয়ালিয়া
পিএন বালিকা উচ্চ বিদ্যালয়। এবা
অন্তর্ভুক্তি হয়েছে রাজশাহী কলেজি
এবং আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলি
স্কুলের।

**কুমিল্লা বোর্ডেও নতুন দুই**

কুমিল্লা বোর্ডে জিপিএ-৫ প্যাওয়ার দি
শীর্ষ দশ স্কুলের মধ্যে গতবারের প্রথ
কুমিল্লা জিলা স্কুল এবারো প্রথমে
করছে। গতবারের তালিকায় থাকা
মডার্ন হাইস্কুল, নওয়াব ফয়জুন্নেসা
বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর আল
একাডেমী, ইস্পাহানি পাবলিক স্কুল
কলেজ, চাঁদপুর হাসান আলী গ
হাইস্কুল, মাতৃপীঠ গভর্নমেন্ট গার্লস
এবং নোয়াখালী গভর্নমেন্ট গার্লস হ
এগুলোই রয়েছে বর্তমান শীর্ষ তা
২০০৮-এর শীর্ষ তালিকায় আনন্দ গ
হাই স্কুল এবং ফেনী গভর্নমেন্ট পাই
স্কুলের সংযুক্তি ঘটেছে। এবারের
বাদ পড়েছে গতবারের শীর্ষ তালিকা
কুমিল্লা ক্যাডেট কলেজ এবং ইবনে
হাই স্কুল।

**যশোর বোর্ডে নতুন এক**

যশোর বোর্ডে শীর্ষ দশ স্কুলের মধ্যে
খুলনা জিলা স্কুল, কুষ্টিয়া জিলা স্কুল,
সরকারি করোনেশন মাধ্যমিক
বিদ্যালয়, যশোর জিলা স্কুল, কুষ্টিয়া
মাধ্যমিক বালিকা বিদ্যালয়, যশোর
বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা পাবলিক
যশোর পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়
এসটি জোসেফ হাইস্কুল এবং সা
সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। এদে
কেবল নতুন স্কুল হচ্ছে সাতক্ষীরা
বালিকা উচ্চ বিদ্যালয়। গতবারের শী
যশোর রোটারি স্কুল এবার তালিকা থে
পড়েছে।

**সিলেটে নতুন তিন**

সিলেট বোর্ডে গতবারের শীর্ষ দশ
তালিকায় থাকা যেসব স্কুল এবারে
তালিকায় রয়েছে তা হলো ব্লু বার্ড
সিলেট সরকারি পাইলট উচ্চ বি
সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বি
সিলেট ক্যাডেট কলেজ, হবিগঞ্জ সরকা
বিদ্যালয়, জালালাবাদ ক্যান্টনমেন্ট
স্কুল অ্যান্ড কলেজ, শাহজালাল
ইসলামিয়া উচ্চ বিদ্যালয়। আর গ
তালিকায় থাকা সরকারি জুবলী হা
ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার ফ্যাক্টরি স্কু
আলী আমজাদ সরকারি বালিকা বিদ
জায়গায় এবছর তালিকায় স্থান করে
সুনামগঞ্জ সরকারি এসসি উচ্চ
বিদ্যালয়, সিলেট রাইফেলস পাবলি